**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-04–2024**
**Time: 07.35–07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

POILA VOISHAKH :

আজ ১লা বৈশাখ । ১৪৩১ বঙ্গাব্দের সূচনা । নতুন বছরকে স্বাগত জানাতে রাজ্যেও নানা প্রস্তুতি শুরু হয়েছে । ব্যবসায়ীরা আজ তাদের নতুন হাল খাতার সূচনা করবেন ।

নতুন বছর সুখ সমৃদ্ধিতে ভরে উঠুক, এই কামনায় অনেকে তাদের উপাসনালয়ে প্রার্থনার জন্য সমবেত হন । সকাল থেকেই আগরতলার লক্ষীনারায়ণ বাড়ি সহ বিভিন্ন মন্দিরে, পুন্যার্থীদের ভিড় দেখা গেছে । লক্ষীনারায়ণ বাড়ির সামনে মেলাও বসেছে ।

এই দিনে ঘরে ঘরে সাধ্যমত ভোজন একটি অন্যতম রীতি । এরজন্য বাজারগুলোতে কেনাকাটার জন্য ভিড় বাড়ছে । মাছ, মাংস দই মিষ্টির দোকানেও ভিড় লক্ষ্য করা গেছে সকাল থেকেই ।

গতকাল চৈত্রসেল শেষ হয়েছে । আগরতলার শকুন্তলা রোড সহ বিভিন্ন এলাকায় অনেক রাত পর্যন্ত কেনাকাটা চলে ।

নতুন বছরকে স্বাগত জানাতে ত্রিপুরা রবীন্দ্র পরিষদের উদ্যোগে আগরতলার দক্ষিণী সভাগৃহে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । অনুষ্ঠানে শহরের বিশিষ্টজনদের সংবর্ধনা জানানো হবে ।

বাংলা নববর্ষ উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন, রাজ্যবাসীর সুখ সমৃদ্ধি কামনা করেছেন ।

*************************

**AMBEDKAR JAYANTI :**

আজ ভারতের সংবিধানের অন্যতম রূপকার বাবা সাহেব ড: ভীমরাও আম্বেদকর জয়ন্তী । ১৩৪ তম আম্বেদকর জন্মজয়ন্তী উদযাপনে রাজ্যেও নানা কর্মসূচি নেওয়া হয়েছে । আজ সকাল ৮ টায় আগরতলার উজ্জ্বয়ন্ত প্রাসাদ প্রাঙ্গনে আম্বেদকর মূর্তির পাদদেশে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আম্বেদকর মূর্তিতে শ্রদ্ধার্ঘ্য নির্বেদন করবেন ।

***********************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল ডক্টর ভীম রাও আম্বেদকরের জন্মবার্ষিকীর প্রাক্কালে সমস্ত নাগরিকদের শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় রাষ্ট্রপতি সকলকে ডঃ আম্বেদকরের আদর্শ গ্রহণ করতে এবং আমাদের দেশের অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের জন্য সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান। রাষ্ট্রপতি জোর দিয়ে বলেন, বাবাসাহেব আম্বেদকর একজন আইনবিদ, শিক্ষাবিদ, অর্থনীতিবিদ, সমাজ-সংস্কারক এবং রাজনৈতিক নেতা হিসাবে দেশ ও সমাজে ব্যতিক্রমী অবদান রেখেছিলেন। তিনি বলেন, আজও সাংবিধানিক ব্যবস্থায় তার দৃঢ় বিশ্বাস আমাদের গণতন্ত্র ও সুশাসনের ভিত্তি। রাষ্ট্রপতি আরও বলেন, ডঃ আম্বেদকর একটি সমতাবাদী সমাজ প্রতিষ্ঠার জন্য তাঁর সমগ্র জীবন উৎসর্গ করেছিলেন এবং দরিদ্রদের উন্নতির জন্য সংগ্রাম করেছিলেন।

**************************

**CEO-Khowai :**

আসন্ন নির্বাচনকে ঘিরে রাজ্য প্রশাসনিক ও রাজনৈতিক তৎপরতা এখন তুঙ্গে। পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনে ভোটগ্রহণ ও গণনা সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য গতকাল খোয়াই জেলাশাসক কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে পৌরহিত্য করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত

আগরওয়াল। এই বৈঠকে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রাজ্য পুলিশের আই জি - জি এস রাও, জেলা নির্বাচন আধিকারিক তথা খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন, জেলা পুলিশ সুপার ড. রমেশ চন্দ্র যাদব, দুই মহকুমার মহকুমা পুলিশ আধিকারিক, বিএসএফ ও সিআরপিএফের পদস্ত আধিকারিকরা। বৈঠক শেষে মুখ্য নির্বাচনী আধিকারিক শ্রী আগরওয়াল জানান, গত কালকের বৈঠকে পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনের যাবতীয় প্রস্তুতি পর্যালোচনা করা হয়েছে।

*********************

**Ceo visit strongroom- Jirania :**

মুখ্য নির্বাচনী আধিকারিক পুনীত আগরওয়াল গতকাল পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের অন্তর্গত জিরানিয়া মহকুমার বীরেন্দ্র দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে স্ট্রং রুম পরিদর্শন করেন। একইসাথে তিনি নির্বাচনে যুক্ত বিভিন্ন অধিকারিকদের সাথে নির্বাচন সম্পর্কিত বিভিন্ন গুরুত্ব পূর্ণ বিষয়ে আলোচনা করেন। খয়েরপুর, মজলিশপুর ও মান্দাই বিধানসভা কেন্দ্রের সহকারী রিটার্নিং অফিসাররা উপস্থিত ছিলেন ।

**********************

**Meeting with CAPF at Belonia :**

বিলোনিয়া মহকুমায় অবাধ ও শান্তিপূর্ণ পরিবেশে লোকসভা নির্বাচনের জন্য গতকাল দক্ষিন জেলার অতিরিক্ত জেলা শাসক সুব্রত রিয়াং-এর উপস্থিতিতে কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনীর আধিকারিক ও মহকুমা পুলিশ আধিকারিক সহ অনান্য আধিকারিকদের নিয়ে এক গুরুত্বপূর্ণ বৈঠক হয় । মহকুমা শাসক রিংকু লেথার উপস্থিত ছিলেন । প্রসঙ্গত, বিলোনিয়া মহকুমার পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের রাজনগর ও বিলোনিয়া বিধানসভা এলাকার ভোট হবে আগামী ১৯ এপ্রিল এবং পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের ঋষ্যমুখ বিধানসভা এলাকার ভোট হবে ২৬ এপ্রিল।

*********************

**Election-Paid Holiday :**

আসন্ন লোকসভা নির্বাচন ও রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন উপলক্ষে আগামী ১৯ শে এপ্রিল এবং ২৬ শে এপ্রিল ভোটারগণ যাতে ভোটদান করতে পারেন, সেজন্য ছুটি ঘোষণা করা হয়েছে। জনপ্রতিনিধিত্ব আইন অনুযায়ী, রাজ্যপাল এই দু`দিন, সবেতন ছুটি ঘোষণা করেছেন। সংশ্লিষ্ট নির্বাচন ক্ষেত্রের, সরকারি অফিস, আদালত, আর্থিক প্রতিষ্ঠান সেদিন বন্ধ থাকবে এবং সেখানে যারা কর্মরত রয়েছেন, তারা এই ছুটি ভোগ করতে পারবেন। তেমনি ফ্যাক্টরিজ অ্যাক্ট, ১৯৪৮-এর আওতাধীন,

সমস্ত শিল্প কারখানার কর্মী, শ্রমিকরাও এই ছুটি ভোগ করতে পারবেন ভোটদানের জন্য। আবার যারা নিজের নির্বাচন ক্ষেত্রের বাইরে কোথাও কর্মরত রয়েছেন, তারাও ভোটদানের সুবিধার্থে সেদিন বিশেষ ছুটি নিতে পারবেন। তবে কোনও কর্মচারির অনুপস্থিতির কারণে যদি তার কর্মক্ষেত্র মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়, তাহলে সেক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হবে না। রাজ্য সরকারের সাধারণ প্রশাসন দপ্তরের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানানো হয়েছে।

****************************

**BABA GARIA :**

রাজ্যে জমাতিয়া সম্প্রদায়ের অন্যতম প্রধান উৎসব বাবা গড়িয়া পূজা শুরু হয়েছে । গোমতি জেলার উদয়পুরের পিত্রা এবং অমরপুর মহকুমার রাঙামাটির সুকাচিমা গ্রামে গতকাল থেকে সাতদিনব্যাপী এই পূজা শুরু হয়। উদয়পুরের পিত্রায় বাবা গরিয়াকে ৬ টি গ্রামের ৯০৮ টি পরিবারে পরিক্রমার আয়োজন হয়েছে । আজ থেকে এই পরিক্রমা শুরু হবে বলে জমাতিয়া হদার সম্পাদক অমূল্য জমাতিয়া জানিয়েছেন ।

***********************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ অংশত: মেঘলা থাকবে। বজ্র বিদ্যুত সহ দু`এক পশলা হালকা বৃষ্টি হতে পারে। আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৬ ডিগ্রির কাছাকাছি ।

*****************

*******************